



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯১.২০১৮./৫৬০৬/৫

তারিখ: ০৬/১১/২০২৩ খ্রি.

**বিষয়: পাবনা জেলার সদর উপজেলাধীন ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজের ০৪ জন প্রভাষকের সহকারী অধ্যাপকের স্কেল পুনর্বহাল প্রসঙ্গে।**

সূত্র: (১) অধ্যক্ষ, ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ, পাবনা সদরের স্মারক নং- ই.গা.ক.পাব-০২/২৩; তারিখ: ১৭/০১/২০২৩ খ্রি.  
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১), ১৮৩৯; তারিখ: ২৩/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সদর উপজেলাধীন ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নিম্নবর্ণিত ৪(চার) জন প্রভাষক যথাক্রমে (ক) মোঃ আনোয়ার হোসেন, ইনডেক্স-৩০০৩৬৭৭; (খ) মোছাঃ মাহবুবা খাতুন, ইনডেক্স-৩০০৩৬৭৯; (গ) মোঃ নাছিম আলী, ইনডেক্স-৩০০৩৬৮১; এবং (ঘ) মোছাঃ মর্জিনা খাতুন, ইনডেক্স-৩০০৩৬৭৮ -এর সহকারী অধ্যাপকের স্কেল পুনর্বহাল ও বকেয়া পাওনাদী প্রদানের জন্য সভাপতির মাধ্যমে আবেদন করেন। উক্ত আবেদন মামলা (দেওয়ানী মোকদমা নং ১০৪৪/২০২১) সংক্রান্ত হওয়ায় তা নিষ্পত্তির লক্ষ্যে মতামতের জন্য নথি আইন শাখায় প্রেরণ করা হলে নিম্নরূপ মতামত প্রদান করে:

**আইন শাখার মতামত:** পাবনা জেলার ইমাম-গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজের প্রভাষক জনাব মোহাম্মদ লুৎফুল হক-কে পদোন্নতির বিষয়ে সুপারিশ না করায় জনাব মোহাম্মদ লুৎফুল হক যুগ্ম জেলা জজ ১ম আদালত, পাবনায় মোকদমা নং ১৩/২০১৩ দায়ের হয়। পরবর্তীতে উক্ত মোকদমার নম্বর পরিবর্তন হয়ে অন্য প্রকার মোকদমা নং-১০৪৪/২০২১ হয়। বর্ণিত মোকদমায় মহাপরিচালক ৮নং বিবাদী এবং মোট বিবাদী হলো ১৬ জন করা হয়। বর্ণিত মোকদমার রায় পর্যালোচনায় দেখা যায় বিগত ১৭/০১/২০১৩ তারিখের স্থিতাবস্থা Vacate করা হয়। মোকদমার রায় ও আদেশটি নিম্নরূপ:

“অত্র মোকদমাটি ১-৭/৮/১০-১৩, ১৫-১৬নং বিবাদীর বিরুদ্ধে দোতরফা সূত্রে এবং অন্যান্য বিবাদীদের বিরুদ্ধে একতরফা সূত্রে পরিবর্তিত আকারে বিনা খরচায় ডিক্রি হলো। বাদী মোহাম্মদ লুৎফুল হককে অন্যান্য ক্রাইটেরিয়া ফুলফিল করা সাপেক্ষে জ্যেষ্ঠ প্রভাষক পদে পদোন্নতির জন্য সুপারিশ করে ইমাম গাজ্জালী গার্লস স্কুল এন্ড কলেজ, পাবনা এর গভর্নিংবডি বা বর্তমানে কার্যরত অন্য যে কোন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (তো যে নামেই হোক না কেন) কে আগামী ৯০ দিনের মধ্যে সুপারিশ পত্র/মিটিং রেজুলেশন ৮নং বিবাদী বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে নির্দেশ করা গেল। ৮নং বিবাদী/পদোন্নতি প্রদানে যথাযথ ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষকে মিটিং রেজুলেশন/সুপারিশ পত্র পাওয়ার ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করে অত্র আদালতকে অবহিত করতে নির্দেশ প্রদান করা গেল।” উপরোক্ত রায় ও আদেশ এর প্রেক্ষিতে জনাব মোহাম্মদ লুৎফুল হককে সিনিয়র প্রভাষকের স্কেল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

০২। আইন শাখার মতামতসহ বিষয়টি নিষ্পত্তির জন্য মাউশি অধিদপ্তরের এমপিও কমিটির জুলাই/২০২৩ মাসের সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

**এমপিও কমিটির সুপারিশ:** পাবনা জেলার সদর উপজেলাধীন ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজের ৪ (চার) জন শিক্ষকের সহকারী অধ্যাপকের স্কেল জনবল কাঠামো অনুসারে পুনর্বহাল ও বকেয়া পাওনাদী প্রদানের সুযোগ নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



(তপন কুমার দাস)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
Email: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ, সদর, পাবনা

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২. শিক্ষা অফিসার (আইন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সভাপতি, গভর্নিংবডি, ইমাম গাযযালী গার্লস স্কুল এন্ড কলেজ, সদর, পাবনা
৫. সংরক্ষণ নথি।